



আপনার রেস্টুরেন্ট কি  
ডেলিভারি বা পিকআপের  
জন্য গ্রাহকদের অর্ডার নিতে  
কোনো অ্যাপ ব্যবহার করে?

**নতুন NYC আইনের অধীনে  
আপনার অধিকার এবং  
দায়িত্বগুলি সম্পর্কে জানুন।**

NYC-এর তৃতীয় পক্ষের খাবার ডেলিভারি পরিষেবা  
আইনে অ্যাপ এবং সেগুলি ব্যবহারকারী রেস্টুরেন্টের  
সুরক্ষার জন্য লাইসেন্সের প্রয়োজনীয়তা রয়েছে।  
রেস্টুরেন্টের নতুন প্রয়োজনীয়তাও রয়েছে।



কোড স্ক্যান করুন  
অথবা পেছনে দেখুন।



## 24 জানুয়ারি, 2022 থেকে শুরু হচ্ছে

- ✓ অ্যাপে তালিকাভুক্ত করতে অ্যাপগুলির আপনার রেস্টুরেন্টের সাথে একটি লিখিত চুক্তি থাকতে হবে।  
24 জানুয়ারি, 2022 এর পরে প্রবেশ করানো চুক্তিতে অবশ্যই খাদ্য ডেলিভারি করা কর্মীদের জন্য বাথরুমের অ্যাক্সেস অন্তর্ভুক্ত করতে হবে। পরের বিভাগ দেখুন।
- ✓ অ্যাপগুলি আপনার রেস্টুরেন্টের থেকে ফি ক্যাপের চেয়ে বেশি চার্জ করতে পারবে না।  
[nyc.gov/DeliveryApps](http://nyc.gov/DeliveryApps) এ ফি ক্যাপের পরিমাণ দেখুন।
- ✓ যে অ্যাপগুলি আপনার রেস্টুরেন্টের একটি ফোন নম্বর তালিকাভুক্ত করে বা লিঙ্ক করে সেগুলিকে অবশ্যই আপনার ডাইবেস্ট ফোন নম্বর অন্তর্ভুক্ত করতে হবে।
- ✓ অ্যাপগুলিকে অবশ্যই গ্রাহকদের স্পষ্ট করে বলতে হবে যে অতিরিক্ত তালিকাভুক্ত যে কোনো ফোন নম্বর অ্যাপের জন্য এবং অর্ডার দেওয়ার জন্য নম্বর ব্যবহার করার যে কোনও ফি নিশ্চিত করতে হবে।
- ✓ অ্যাপগুলি আপনার রেস্টুরেন্টের থেকে এমন কোনো ফোনে করা অর্ডারের জন্য চার্জ করতে পারবে না যেটির বিক্রি শেষ পর্যন্ত সম্পন্ন হয় না।
- ✓ কিছু ক্ষেত্রে, আপনি অনুরোধ করলে অ্যাপগুলিকে অবশ্যই আপনার রেস্টুরেন্টের গ্রাহকদের ডেটা দিতে হবে।

- ✓ রেস্টুরেন্টগুলিকে অবশ্যই খাবার ডেলিভারি করা কর্মীদের বাথরুম ব্যবহার করতে দেওয়ার চুক্তি মেনে চলতে হবে যখন তারা ডেলিভারির জন্য অর্ডার পিকআপ করতে যাবে। স্বাস্থ্য বা নিরাপত্তাজনিত কারণে সীমিত কিছু ব্যতিক্রম রয়েছে।
- ✓ রেস্টুরেন্টগুলিকে অবশ্যই অ্যাপের মাধ্যমে গ্রাহকদের শেয়ার করা ডেটা ব্যবহার করার সম্মতি প্রত্যাহার করার সুযোগ দিতে হবে এবং অনুরোধ করা হলে তা ডিলিট করে দিতে হবে।
- ✓ রেস্টুরেন্টগুলি গ্রাহকদের অনুমতি ছাড়া গ্রাহকের ডেটা বিক্রি, ভাড়া বা প্রকাশ করতে পারে না।

আরও তথ্যের জন্য, উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP) এর সাথে যোগাযোগ করুন:

- ভিজিট করুন [nyc.gov/DeliveryApps](http://nyc.gov/DeliveryApps)
- 311 এ কল করুন এবং "খাবার ডেলিভারি করা অ্যাপের অভিযোগ" এর ব্যাপারে জিজ্ঞাসা করুন